দৈনিক খবর

তারিখ ... 24 APR 1990
পৃষ্ঠা ... ১ কলাম ১

12

# প্রাইভেট বিশ্ববিদ্যালয় স্থাপনের ৭টি পূর্বশর্ত

দেশে উচ্চ শিক্ষার প্রসার, এর গুণগত মান উন্নয়ন এবং একে প্রতিযোগিতামূলক করে তোলার লক্ষ্যে ব্যক্তিগত উদ্যোগে (প্রাইভেট) বিশ্ববিদ্যালয় খোলার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ৭টি পূর্বশর্ত আরোপ করেছে। ইউএনবি জানায় ঃ পূর্বশর্ত অনুযায়ী যা যা থাকতে হবে তা হচ্ছে অন্ততঃ ৪০ একর জমি, ৫ কোটি টাকার মেয়াদী ব্যাংক আমানত, ১০ বছরের উন্নয়ন ও শিক্ষা পরিকল্পনা, পাঠ্যক্রম তৈরি, দরিদ্র মেধাবী ছাত্রদের জন্য কোটা, সৎ শিক্ষিত ব্যক্তিদের নিয়ে ট্রাষ্টি বোর্ড এবং ছাত্র বেতন ও শিক্ষকদের বেতনের ব্যাপারে সুনির্দিষ্ট কাঠামো।

রাষ্ট্রপতি এরশাদ গত ১০ই ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যদের সঙ্গে বৈঠককালে ব্যক্তিগত উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের জন্য নির্দেশিকা তৈরি করতে মঞ্জুরী কমিশনকে নির্দেশ দেন। রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয়সমূহের বর্তমান চ্যান্সেলর। এসব বিশ্ববিদ্যালয় সরকারের অর্থানুকূল্যে চলছে। বর্তমানে দেশে ৯টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে সিলেট ও খুলনা বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম এখনো শুরু হয়নি।

২-এর পাতায় দেখুন

## প্রাইভেট বিশ্ববিদ্যালয়

*প্রথম পৃষ্ঠার পর*

গত ফেব্রুয়ারী ও মার্চে মঞ্জুরী কমিশনের দুই বৈঠকে যে নির্দেশিকা তৈরি হয়েছে তা ব্যক্তিগত উদ্যোগে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয় সনদ হিসেবে প্রকাশ করা হবে; তবে নিয়ম-নীতিগুলো এখনো সরকার অনুমোদন করেনি।

কর্মকর্তারা জানান, ব্যক্তিগত উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের জন্য বেশ কয়েকটি প্রস্তাব মঞ্জুরী কমিশনের বিবেচনাধীন রয়েছে।

মঞ্জুরী কমিশনের সঙ্গে ঘনিষ্ঠ একটি সূত্র জানায়, সাবেক কৃষিমন্ত্রী আজিজুল হক, মঞ্জুরী কমিশনের সদস্য শামসুল হক, শুল্ক কমিশনের সাবেক চেয়ারম্যান মোসলেহউদ্দিন ও দৈনিক বাংলার সম্পাদক আহমেদ হুমায়ুন ব্যক্তিগত উদ্যোগে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোক্তা।

মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আলী আহসান বলেন, বর্তমান বিশ্ববিদ্যালয়গুলোতে চাপ কমানোর জন্য সরকার ব্যক্তিগত উদ্যোগে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অনুমতি দিচ্ছেন।